

রাজধানীর ১৩টি সরকারি স্কুলে প্রথম শ্রেণীতে ভর্তি ফরম বিক্রি ৩২ হাজার

● আসন ১ হাজার ৪৭৫টি

স্বাক্ষর উদ্ভিদ

রাজধানীর ১৩টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ১ম শ্রেণীতে পঢ়াশ্রিত ভর্তি ফরম বিতরণ হয়েছে ৩২ হাজার ৩৭৫টি। এসব প্রতিষ্ঠানে ১ম শ্রেণীতে ভর্তিযোগ্য মোট শূন্য আসন আছে এক হাজার ৪৭৫টি। বর্তমান প্রতি ২২ জনের মধ্যে একহান শিও শিক্ষার্থী পঢ়াশ্রিতে ভর্তির সুযোগ পাবে। এবার সবচেয়ে বেশি ভর্তি ফরম বিতরণ হয়েছে মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে। এই স্কুলে ১ম শ্রেণীতে ১২০টি আসনের বিপরীতে ভর্তি ফরম বিতরণ হয়েছে পাঁচ হাজার ৯৪১টি।

এ বিষয়ে জানতে চাইলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মডিএল) ঢাকা অঞ্চলের উপ-পরিচালক এম.এম মোস্তফা কামাল সংবাদকে বলেন, শিক্ষার্থী শিওর অভিভাবক ও শিক্ষা প্রধানদের কর্মকর্তাদের উপস্থিতিতে পূর্ব ঘোষিত সময়সূচি অনুযায়ী উল্লিখিত স্কুলে ভর্তি অনুষ্ঠিত হবে।

সরকারীতে ২৪টি পুরনো সরকারি হাইস্কুল এবং নতুন পাঁচটি স্কুল এবার চালু হচ্ছে। ২৯টি স্কুলের ভর্তি ফরম

বিতরণ কার্যক্রম শেষ হয়েছে গত ৯ ডিসেম্বর। এরমধ্যে পুরনো ২৪টি স্কুলে ভর্তির জন্য সবচেয়ে বেশি ফরম বিতরণ হয়েছে। আর নতুন পাঁচটি স্কুলে আর ভর্তি ফরম বিতরণ শেষ হচ্ছে। পুরনো ২৪টি বিদ্যালয়ের মধ্যে ১৩টিতে প্রথম শ্রেণী চালু রয়েছে। এই প্রতিষ্ঠানগুলিকে তিনটি গ্রুপে ভাগ করে ভর্তি কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এর মধ্যে 'এ' গ্রুপের স্কুলগুলোর মধ্যে গভ. দাবাংগেট হাইস্কুল ১ম শ্রেণীতে ২৪০টি শূন্য আসনের বিপরীতে পাঁচ হাজার ৭৬১টি ভেজাণ্ডা সরকারি উচ্চ বিদ্যালয়ে ১০০টি আসনের বিপরীতে এক হাজার ৫০৫টি। এছাড়া বিলবাং সরকারি উচ্চ বিদ্যালয়ে ১ম শ্রেণীতে ৬০ ভর্তিযোগ্য শূন্য আসনের বিপরীতে ভর্তি ফরম বিতরণ হয়েছে ৫১৫টি। প্রসঙ্গত, 'এ' গ্রুপের মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, সিউ গভর্নমেন্ট গার্লস হাইস্কুল, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়, ইন্দলিয়া সরকারি উচ্চ বিদ্যালয় ও ধানমন্ডি কামরুন্নেসা সরকারি বালিকা বিদ্যালয়ে ১ম শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তি করা হয় না।

'বি' গ্রুপের স্কুলগুলোর মধ্যে মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে ১ম শ্রেণীতে ১২০টি ভর্তি স্কুলে ২৩০

ভর্তি : ফরম বিক্রি

(১৬ পৃষ্ঠার পর)

শূন্য আসনের বিপরীতে পাঁচ হাজার ৯৪১টি মতিঝিল সরকারি উচ্চ বিদ্যালয়ে ১২০টি শূন্য আসনের বিপরীতে এক হাজার ৪০৫টি, বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ১২০টি আসনের বিপরীতে ভর্তির জন্য ফরম বিতরণ হয়েছে তিন হাজার ৫০৪টি। এছাড়া শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে ১ম শ্রেণীতে ১২০টি শূন্য আসনের বিপরীতে দুই হাজার ৯১টি, সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুলে ১২০টি শূন্য আসনের বিপরীতে এক হাজার ৬৩০টি এবং মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ১ম শ্রেণীতে ভর্তির জন্য ৫৫টি শূন্য আসনের বিপরীতে ভর্তি ফরম বিতরণ হয়েছে এক হাজার ২০৩টি। বিক্রয় পর-পড়ার স্কুলে হাইস্কুল ও ধানমন্ডি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ১ম শ্রেণী চালু নেই।

'বি' গ্রুপের স্কুলগুলোর মধ্যে ধানমন্ডি গভ. বয়েজ হাইস্কুলে ১ম শ্রেণীতে ৬০টি শূন্য আসনের বিপরীতে তিন হাজার ৩০৬টি, শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ১২০টি শূন্য আসনের বিপরীতে দুই হাজার ৬০২টি, ভেজাণ্ডা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ১ম শ্রেণীতে ১২০টি শূন্য আসনের বিপরীতে ভর্তি ফরম বিতরণ হয়েছে এক হাজার ৩৮৪টি। এছাড়া গণভবন সরকারি উচ্চ বিদ্যালয়ে ১ম শ্রেণীতে ১২০টি শূন্য আসনের বিপরীতে পঢ়াশ্রিতে ভর্তির জন্য ফরম বিতরণ হয়েছে এক হাজার ৭১টি।

'সি' গ্রুপের আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয়, টিকটুলী কামরুন্নেসা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা কলেজিয়েট স্কুল এবং মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ১ম শ্রেণীতে পাঠদান হয় না।

সরকারি নতুন ৫টি বিদ্যালয় হচ্ছে, হাজরাইয়ানের শাহীদ শেখ রাসেল সরকারি উচ্চ বিদ্যালয়, আজিমপুর সরকারি গার্লস স্কুল ও কলেজ, দোয়ারিপাড়া সরকারি উচ্চ বিদ্যালয়, বসবাতা শেখ হজিলাতুন্নেসা সরকারি উচ্চ বিদ্যালয়, হাজী এম.এ গড়র সরকারি উচ্চ বিদ্যালয়।

পুরনো ২৪টি বিদ্যালয়কে তিনভাগে ভাগ করে যথাক্রমে 'এ', 'বি' ও 'সি' গ্রুপের অন্য প্রায় ভর্তি পরীক্ষা আনামী ১৯, ২০ ও ২১ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। প্রথম শ্রেণীর ভর্তির পঢ়াশ্রি অনুষ্ঠিত হবে ১৪ ডিসেম্বর। নতুন পাঁচটি স্কুলে প্রথম শ্রেণীতে পঢ়াশ্রি হবে ১৫ ডিসেম্বর। তবে অন্যান্য শ্রেণীর ভর্তি পরীক্ষা হবে ২০ ডিসেম্বর।

শিক্ষা বহুগণ্যের ভর্তি নীতিমালা অনুযায়ী, প্রথম শ্রেণীতে ভর্তি স্কুল শিক্ষার্থীদের বয়স হবে ৫ থেকে ৭ বছরের মধ্যে। যেকোনো নিশ্চিত করতে ভর্তি কমিটির সদস্যদের উপস্থিতিতে পঢ়াশ্রির কার্যক্রম শেষ করতে হবে। বিত্তীয় খেতে অষ্টম শ্রেণীর শূন্য আসনে নিশ্চিত পরীক্ষার মাধ্যমে যথাক্রমে অনুসারে ভর্তির জন্য শিক্ষার্থী বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে। নবম শ্রেণীর ফেরে জেএসসি বা জেটিসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নিম্ন বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির পর শূন্য আসন থাকলে নতুন শিক্ষার্থী ভর্তি করা যাবে। ভর্তি পরীক্ষায় এবারও ১ম নম্বরের মধ্যে হবে। বাংলা, ইংরেজি ও গণিত এই ৩ বিষয়ে হবে পরীক্ষা। এর মধ্যে গণিত ৪০ নম্বরের। বাকি দুটি ৩০ নম্বরের করে।